

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/7/2019

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

গভর্নর কুওমো রেসিলিয়েন্সি অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (RESILIENCY AND ECONOMIC DEVELOPMENT INITIATIVE) কমিশনের সহ-সভাপতি বিষয়ক চিঠি জারি করার কথা ঘোষণা করেছেন লেক অন্টারিওর পৌরসভাগুলিকে অগ্রগতির হালনাগাদ প্রদান করে

*নিউ ইয়র্ক স্টেট হাউজিং এবং কমিউনিটি রিনিউয়াল রেসিডেন্স হোম রিপেয়ার প্রোগ্রামের (NYS Department of Housing and Community Renewal Residential Home Repair Program) সম্প্রসারণের জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বরাদ্দ করবে*

গভর্নর অ্যাল্ডু এম। কুওমো আজ ঘোষণা করেন যে রেসিলিয়েন্সি অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভের সহ-সভাপতিরা, DEC কমিশনার বেসিল সেগোস এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) সভাপতি হাওয়ার্ড জেমস্কি, লেক অন্টারিওর সম্প্রদায় পরিকল্পনা প্রক্রিয়ার অগ্রগতি সম্পর্কে হালনাগাদ প্রদান করে একটি চিঠি জারি করেছেন লেক অন্টারিওর পৌরসভাগুলিকে। চিঠিতে সহ-সভাপতিগণ বলেছেন যে অসংখ্য গৃহের মালিকদের প্রতিক্রিয়া, যে লেক অন্টারিওর বন্যার পর এখনো তাদের স্বতন্ত্র সহায়তার প্রয়োজন আছে, তার প্রতিক্রিয়াস্বরূপ, নিউ ইয়র্ক স্টেট হাউজিং এবং কমিউনিটি রিনিউয়াল রেসিডেন্স হোম রিপেয়ার প্রোগ্রামের সম্প্রসারণের জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বরাদ্দ করবে নিউ ইয়র্ক স্টেট।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিচে দেওয়া হল:

8/7/2019

প্রিয় REDI পৌরসভাগণ/অনুদানপ্রাপকগণ:

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের (Regional Economic Development Initiative, REDI) প্রথম পর্যায় শুরু হওয়ার সাথে সাথে আমরা এই গুরুত্বপূর্ণ সম্প্রদায় পরিকল্পনা প্রক্রিয়ার অগ্রগতির একটি হালনাগাদ প্রদান করতে পেরে আনন্দিত। যেমন আপনি জানেন, লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর তীর বরাবর বন্যার বর্ধিত প্যাটার্নের প্রতিক্রিয়াস্বরূপ, এই সমস্ত এলাকার আশু এবং দীর্ঘমেয়াদি স্থিতিস্থাপকতার প্রয়োজনগুলির সুরাহা করতে, এবং একই সাথে অর্থনৈতিক উন্নয়নের সুযোগ আর লেকের স্বাস্থ্য বৃদ্ধি করতে REDI তৈরি করা হয়েছে। REDI এর লক্ষ্য হল, স্থিতিস্থাপকতার এবং অর্থনৈতিক উন্নয়নের দৃষ্টিকোণ থেকে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর

উপকূল পুনর্গঠন ও সমৃদ্ধ করতে একটি নতুন ভিশন তৈরি করা, যার মধ্যে রয়েছে গুরুত্বপূর্ণ পরিকাঠামো রক্ষা করা এবং প্রাকৃতিক বৈশিষ্ট্য সমৃদ্ধ করা যা উপকূলীয় স্থিতিস্থাপকতা সমর্থন করে।

এই জুনে আমরা সবাই রচেস্টারে সমবেত হবার পর থেকে নিউ ইয়র্ক স্টেট প্ল্যানিং টিম REDI সম্প্রদায়কে শত শত প্রকল্পের ধারণা পেশ করতে ক্ষমতায়িত করেছে, সম্ভাব্য 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অর্থায়নের জন্য। পাঁচটি অঞ্চলের প্রতিটিতে দুটি করে পরিকল্পনা সংক্রান্ত বৈঠক হয়েছে, সেপ্টেম্বরের শেষ নাগাদ আরও অন্তত দুটি আসতে চলেছে। রাজ্যের কারিগরি বিশেষজ্ঞদের সাহায্য পেয়ে, সম্প্রদায়গুলি এখন তাদের প্রস্তাবিত প্রকল্পের স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক সুবিধা পরীক্ষা করেছে, যার শেষ লক্ষ্য হল REDI কমিশনের কাছে সর্বোচ্চ মানের প্রকল্পের আবেদন জমা দেওয়া।

একটি ব্যাখ্যা হিসেবে, স্থানীয় সরকার বন্যার সংস্পর্শে থাকার জন্য গৃহের মূল্য হ্রাস পাওয়ার কারণে হওয়া অর্থনৈতিক ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য প্রকল্পের প্রস্তাব করতে পারে, যেখানে স্থানীয় সরকার একটি ভৌগোলিক কনফিগারেশনকে চিহ্নিত করেছে যা একটি ব্লক ওয়াল বা টিবি স্থাপনের সুযোগ করে দেয় গুরুত্বপূর্ণ গৃহের সমষ্টি রক্ষা করার জন্য। উদাহরণস্বরূপ, শুধু যদি কিছু বাড়ি রক্ষা করার জন্য একটি পানির বাঁধ তৈরি করা হয় তাহলে তা অকার্যকর হয়ে পড়বে যেহেতু পার্শ্ববর্তী প্রতিবেশীদের কাছ থেকে আসা পানির অনুপ্রবেশের ফলে বাঁধের প্রভাব হ্রাস পাবে। স্থানীয় সরকারকে ভৌগোলিক ও শারীরিকভাবে সম্ভবপর প্রকল্পের নকশা জমা দিতে হবে।

আমাদের লক্ষ্য যখন আঞ্চলিকভাবে-উল্লেখযোগ্য প্রচেষ্টার উপর কেন্দ্রীভূত, আমরা অনেক গৃহের মালিকদের কাছ থেকে শুনেছি যাদের এখনও ব্যক্তিগত সহায়তার প্রয়োজন এবং এর ফলে আমাদের হাউজিং ও কমিউনিটি বিভাগের রিনিউয়াল রেসিডেনশিয়াল হোম রিপেয়ার প্রোগ্রাম (Department of Housing and Community Renewal Residential Home Repair Program) সম্প্রসারণের জন্য 300 মিলিয়ন মার্কিন ডলারের থেকে 20 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বরাদ্দ করা হবে।

আমরা প্রতি কাউন্টিতে যোগ্যতাপ্রাপ্ত প্রকল্পের জন্য আনুমানিক 15 মিলিয়ন মার্কিন ডলার মোট পর্যন্ত এবং আঞ্চলিকভাবে উল্লেখযোগ্য বড় আকারের অর্থনৈতিক উন্নয়ন এবং স্থিতিস্থাপকতা সম্পর্কিত প্রকল্পের জন্য 160 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অতিরিক্ত অর্থায়ন প্রদানের অনুমান করছি।

REDI কমিশনের পক্ষ থেকে জানাই, আমরা এখন পর্যন্ত লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স রিভার সম্প্রদায়গুলির অসাধারণ অংশগ্রহণের জন্য কৃতজ্ঞ এবং আপনাদের আবেদনগুলি পর্যালোচনা করার জন্য উদগ্রীব। আমরা আশ্বিন্বাসী যে এক সাথে কাজ করে, আমরা অসাধারণ দীর্ঘমেয়াদী সমাজের জন্য সুরক্ষামূলক এবং সুবিধাজনক প্রকল্প তৈরি করতে পারবো।

REDI প্রচেষ্টা ছাড়াও রাজ্য উল্লেখযোগ্য পর্যটন বর্ধন কার্যক্রম গ্রহণ করেছে যার মধ্যে রয়েছে আই লাভ নিউ ইয়র্ক (I LOVE NY) বিজ্ঞাপন, লেক অন্টারিওতে বিনামূল্যে মাছ ধরার লাইসেন্স এবং হাসপ্রাপ্ত পার্কিং এবং ক্যাম্পিং ফি।

এক সঙ্গে আমরা এই চ্যালেঞ্জের পার করবো। আপনার সাহায্যের জন্য ধন্যবাদ।

বিনীত,

কমিশনার বেসিল সেগোস

কমিশনার হাওয়ার্ড জেমস্কি

REDI কমিশনের সহ-সভাপতিগণ

cc: সিনেটর রিচি, আসেম্বলি সদস্য বার্কলে, আসেম্বলি সদস্য ম্যাক্সটেলো

###

অতিরিক্ত তথ্য এখানে উপলব্ধ [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)